দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 30 2000
পৃঃ ৪ ৬

# ২০০০ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার সিলেবাস প্রসঙ্গে

আমরা ১৯৯৮ সালে বিএসসি (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করি এবং অকৃতকার্য হই। ৯৯ সালে সময় স্বল্পতার জন্য পরীক্ষা দেই নাই। এখানে উল্লেখ্য যে, ৯৭-৯৮ শিক্ষাবর্ষ হইতে সিলেবাস কিছুটা পরিবর্তনের কারণে ৯৯ সালের পরীক্ষায় পুরাতন ও নূতন সিলেবাস অনুযায়ী প্রশ্ন করা হয়। আমাদের রেজিস্ট্রেশনের মেয়াদ এই বৎসর পর্যন্ত রহিয়াছে। আমরা যাহারা পুরাতন পরীক্ষার্থী তাহাদের পুরাতন সিলেবাস অনুযায়ী পরীক্ষা নেওয়া হইবে বলিয়া ভাবিয়াছিলাম এবং সেভাবেই প্রস্তুতি নিয়াছিলাম। কিন্তু হঠাৎ কলেজ হইতে জানিতে পারিলাম যে, আসন্ন ডিগ্রি (পাস) পরীক্ষা নূতন সিলেবাস অনুযায়ী হইবে। পরীক্ষার দ্বারপ্রান্তে আসিয়া এমন ঘোষণা আমাদেরকে অনিশ্চিত ভবিষ্যতের দিকে ঠেলিয়া দিতেছে। এমতাবস্থায়, শেষবারের মত পুরাতন সিলেবাসে পরীক্ষায় আমাদের অংশগ্রহণের সুযোগ দানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

—নাম প্রকাশে অনিচ্ছুক